

# লিচুর মাইট বা মাকড় (Litchi Mite)

## লিচি মাইটের পরিচিতি

লিচুর মাইট বা মাকড় আকারে খুবই ছোট এবং সাদা বর্ণের। পূর্ণবয়স্ক মাকড় পাতার নীচে ডিম পাড়ে এবং ডিম থেকে ১৪-১৫ দিনের মধ্যে কীড়া বের হয়। পূর্ণবয়স্ক মাকড় বা কীড়া উভয়ই লিচু গাছের পাতায় আক্রমণ করে। এটি লিচুর জন্য সবচেয়ে ক্ষতিকারক মাকড়, এর কারণে লিচুর ফলন শূণ্যের কাছাকাছি আসতে পারে।

## ক্ষতির লক্ষণ

অতি ক্ষুদ্র ও সাদা বর্ণের মাইট পাতার পিছনে বাদামী ভেলভেট তৈরী করে বসবাস করে। আক্রান্ত পাতায় মখমলের মত লালচে বাদামী দাগ সৃষ্টি হয়। এরা পাতার নীচের দিকে ভক্ষণ করে, এতে পাতা পুরু হয়ে দুমড়ে বা কুঁচকে যায়। পাতা বেশী আক্রান্ত হলে পাতা ঝরে যেতে পারে।



আক্রান্ত পাতা



আক্রান্ত পাতা সহ পুষ্প-মঞ্জুরী

## সমন্বিত বালাই ব্যবস্থাপনা

- প্রতি বছর জুন ও আগস্ট মাসে আক্রান্ত ডগা ছাঁটাই বা ধ্বংস করতে হবে;
- লিচুর মুকুল আসার দুই মাস পূর্বেই প্রতিনিয়ত লিচুগাছ সহ বাগানের আশে-পাশে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে, যাতে করে লিচুর মাইট বা মাকড়ের পোষক ধ্বংস প্রাপ্ত হয়;
- মাইট যাতে গাছে উঠতে না পারে সে জন্য কাল্ডের গোড়ার চার পাশে আলকাতরা লাগানো যেতে পারে;
- প্রতিনিয়ত লিচু গাছ পর্যবেক্ষণ করতে হবে, এক্ষেত্রে লিচু গাছে ২-৩টি পাতা আক্রান্ত হলে সালফার গ্রুপের অনুমোদিত বালাইনাশক ব্যবহার করা যেতে পারে;
- লিচুর নতুন পাতা বের হওয়ার সাথে সাথেই পাতা আক্রমণের লক্ষণ দেখা গেলে এবামেকটিন (Abamectin) গ্রুপের বালাইনাশক যেমন ভাট্টমেক @ ১.২৫ মিলি/লিটার পানিতে মিশিয়ে অথবা সালফার (Sulphur) গ্রুপের বালাইনাশক থিওভিট @ ১ মিলি/লিটার পানিতে মিশিয়ে বোতল বা প্যাকেটের গায়ে লেবেলে দেয়া সঠিক নিয়মে প্রয়োগ করতে হবে।

## আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপ-সহকারী কৃষি অফিসার বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।

